দাওয়াতিদের বাড়িতে খাবার প্যাকেট বিতরণ মেহেরপুরে সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড

মেহেরপুরে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষা পেতে সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড করে দিয়েছে পুলিশ।
গতকাল শনিবার সকাল ৯টার দিকে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল সদর উপজেলার দক্ষিণ শালীকা গ্রামে অভিযান চালিয়ে এ অনুষ্ঠান পন্ড করে।

জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মরুহুম খেদের আলী মন্ডলের ছেলে আলমগীর হোসেন তার ছেলের সুন্নতে খৎনা উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠান উপলক্ষে প্রায় হাজার খানেক আত্মীয় স্বজনকে দাওয়াত দেওয়া হয়।

কিন্তু করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষার জন্য পুলিশ খবর পেয়ে সেখানে গিয়ে অনুষ্ঠানের প্যান্ডেল অপসারণ করে এবং গণজমায়েত না করার নির্দেশ দেয়। পরে আয়োজনকারী শহর থেকে প্যাকেট কিনে খাবার দাওয়াত করা লোকজনের বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করেন।

স্থানীয় ইউপি সদস্য আলমগীর হোসেন জানান, যেহেতু এটি পুর্বের পরিকল্পনা অনুযায়ী আয়োজন ছিল। তারপরও করোনা ভাইরাসের কারণে প্যান্ডেল অপসারণ করে খাবার প্যাকেটজাত করে দাওয়াতি লোকজনের বাড়িতে বাড়িতে খাবার পাঠিয়ে দেওয়া হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, খবর পেয়ে পুলিশ পাঠিয়ে তাদের গণজমায়েত না করার অনুরোধ করলে তারা প্যান্ডেল সরিয়ে ফেলে। প্যাকেট করে খাবার পরিবেশনের পরামর্শ দেওয়া হলে তারা সেভাবেই খাবার বিতরণ করেন।

এছাড়াও মুজিবনগর উপজেলার যতারপুরে আজ রবিবার আরো একটি সুন্নতে খৎনার অনুষ্ঠান হওয়ার কথা ছিলো সেটিও পন্ড করেছে উপজেলা প্রশাসন।

মেহেরপুরে ১১৫ জন হোম কোয়ারেন্টিনে, নতুন ২৯

বিভিন্ন দেশ থেকে আসা নতুন ২৯ জনসহ ১১৫ জন প্রবাসীকে মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।

গতকাল শনিবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন এ তথ্য জানান।

তিনি আরো জানান, চলতি মাসে মেহেরপুরে ১৪৪৭ জন প্রবাসী ফিরেছেন। তাদের সনাক্ত করার কাজ বেশ জটিল। তারপরও আমরা সকলকে বোঝানোর চেষ্টা করছি তারা যেন হোম কায়ারেন্টিনে থাকে।

কুষ্টিয়ায় বেশি দামের চাল বিক্রি, দেড়লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে মুল্য তালিকা না থাকাসহ বেশি দামের চাল বিক্রির অপরাধে চারটি প্রতিষ্ঠানকে ১ লাখ ৩০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

এছাড়াও মিরপুর ও ভেড়ামারায় প্রথক অভিযান চালিয়ে জরিমানা আদায় করা হয়।
গতকাল শনিবার দুপুরে এ অভিযান পরিচালনা করেন কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান।

তিনি জানান, করোনা ভাইরাস নিয়ে যখন সবাই আতংকিত, এক শ্রেণীর চাল ব্যবসায়ী অন্যায্যভাবে তথ্য লুকিয়ে চালের দাম বৃদ্ধির পাঁয়তারা করছেন। চালের দাম লুকানোর জন্য কোন বিক্রি রশিদে মূল্য লেখা হচ্ছে না, কেউ কেউ বিক্রি রশিদই রাখছে না! মূল্য তালিকা সংরক্ষণ

ও প্রদর্শন না করা এবং বেশি দামে চাল বিক্রির অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী উপজেলার আলাউদ্দিন নগর এলাকার আজিজ এগ্রো ফুডকে ৩০ হাজার টাকা। ভাই বোন এগ্রো ফুডকে ২৫ হাজার টাকা, জসিম এগ্রো ফুডকে ২৫ হাজার টাকা এবং বাটিকামারা এলাকার মুকুল এগ্রো ফুডকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

তাদের সকলকে চালের ক্রয় ও বিক্রয় রশিদ এবং স্টক রেজিস্টার সংরক্ষণের নির্দেশ দেয়া হয়।
এসময় উপজেলা খাদ্য কর্মকর্তাসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

অপরদিকে মিরপুর বাজারে দুই চাউল ব্যবসায়ীকে ৫ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। উপজেলা সহাকীল কমিশনার রাকবিুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

এছাড়াও ভেড়ামারা বাজারে ভাউচার ছাড়া অধিক দামে চাউল বিক্রির অপরাধে আব্দুল কুদ্দুস নামে এক চাউল ব্যবসায়ীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ মোতাবেক ৫ হাজার টাকা জরিমানা আদায় করে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

দেশে করোনায় মৃতের সংখ্যা বেড়ে ২, আক্রান্তের সংখ্যা ২৪

করোনায় আক্রান্ত হয়ে দেশে আরো একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে করোনা আক্রান্ত হয়ে দেশের মধ্যে দুজনের মৃত্যু হলো। নতুন করে করোনায় মৃত ব্যক্তির বয়স ৭৩ বছর। এছাড়াও দেশে নতুন করে আরো চারজন আক্রান্ত হয়েছেন । এতে করোনা আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে ২৪ জনে দাঁড়িয়েছে। গতকার শনিবার দুপুরে মহাখালী স্বাস্থ্য অধিদফতরে এক সংবাদ সম্মেলনে এমনটি জানান স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক।

সংবাদ সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী বলেন, সারা দেশে এ পর্যন্ত ৫০ জন প্রাতিষ্ঠানিকভাবে কোয়ারেন্টাইনে আছেন। এছাড়া সারা দেশব্যাপী

১৪ হাজার মানুষ কোয়ারেন্টাইনে আছেন বলে জানান স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক । সূত্র-ইত্তেফাক
বর্তমান পরিস্থিতিকে যুদ্ধাবস্থা উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী জানান, এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধে চীন থেকে বিশেষজ্ঞ আনার পরিকল্পনা সরকারের রয়েছে। করোনা প্রতিরোধে ইতিমধ্যে ডাক্তার নার্সদের ছুটি বাতিল করা হয়েছে। পাশাপাশি স্বাস্থ্যকর্মীদের সুরক্ষার জন্য পিপি সংগ্রহ করা হচ্ছে বলেও জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী।

গত ডিসেম্বরে চীনের উহান শহর থেকে উৎপত্তি হয় করোনা ভাইরাসের। প্রাণঘাতী এই ভাইরাসে বিশ্বে ১১ হাজারেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে।

মেহেরপুরে করোনার জনসচেতনামূলক লিফলেট বিতরণ

নোবেল করোনা ভাইরাস থেকে বাঁচতে হবে কি করলে ভাইরাসটি হবে না লক্ষণ কি কিভাবে ছড়ায়। করণীয় ভাইরাস টি হলে কি কি পদক্ষেপ গ্রহণ করতে হবে এসব কর্মসূচি নিয়েই গর্জে ওঠো মেহেরপুর সমাজ কল্যাণ সংগঠন থেকে লিফলেট বিতরণ করা হয়।

গর্জে ওঠো মেহেরপুর সমাজ কল্যাণ সংগঠন এর উদ্যোগে জনসচেতনামূলক লিফলেট বিতরণ, কর্মসূচিতে উপস্থিত ছিলেন সংগঠনের – সভাপতি মোঃ বিপ্লব রেজা, সাধারণ সম্পাদক: রলিপ হাসান, সাংগঠনিক সম্পাদক: আফিফ, সহ-অর্থ সম্পাদক: মুনা, মোঃ অনিক, মোঃ মাসুম বিল্লাহ, মোঃ স্বামী, মোঃ আবিদ, মোঃ হাবিব, মোঃ তুসার, মোঃ নাইমুল ইসলাম, সিয়াম, মোঃ আপন, মোছাঃ বন্যা পারভিন, মো: সিহাব।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে হাত ধোয়া বেসিনের উদ্বোধন

করোনা মোকাবেলায় সব ধরনের প্রস্তুতি গ্রহন করেছে মেহেরপুর পৌরসভা। এরই ধারাবহিকতায় পৌর চত্তরে বসানো হয়েছে হাত ধোয়া বেসিন।

আজ শনিবার মেয়র মাহফুজুর রহমান রিটন এই বেসিনের উদ্বোধন করেন। পৌর কর্মকর্তা-কর্মচারি ও পৌর সভায় সেবা পেতে সকল নাগরিগ পরিষ্কায় পরিছন্ন হয়ে পৌরসভায় প্রবেশ করতে পারে সেজন্য এই বেসিন নির্মান করা হয়েছে।

পৌর কাউন্সিলর ও পৌর কর্মকর্তা-কর্মচারি এসময় উপস্থিত ছিলেন।

নীরব ঘাতক করোনাভাইরাস: সবচেয়ে বিপজ্জনক আগামী ২১ দিন

এখন থেকে আগামী দুই থেকে তিন সপ্তাহ দেশের জন্য সবচেয়ে বিপজ্জনক সময়। এর মধ্যেই দেশের বিভিন্ন স্থানে সামাজিকভাবে নতুন করোনাভাইরাস ছড়িয়ে পড়ার শঙ্কা আছে। গতকাল পর্যন্ত যারা আক্রান্ত দেশ থেকে এসেছেন তাদের কাছ থেকে ছড়ালেও সর্বোচ্চ আগামী ২১ দিনের মধ্যেই তা প্রকাশ পাবে।

ভাইরোলজির ভাষায় যাকে ‘পিক টাইম’ বলা হয়। এ সময় সংক্রমিত হতে পারে অসংখ্য মানুষ। সামগ্রিক পরিস্থিতি বিশ্লেষণ করে এমন আশঙ্কা করছেন দেশের ভাইরোলজি বিশেষজ্ঞরা। তাদের মতে, যেসব দেশে ভাইরাসটি সামাজিকভাবে ছড়িয়ে পড়েছে সেই দেশগুলো থেকে আসা যাত্রীদের বাধ্যতামূলক কোয়ারেন্টিনে রাখা হলে এ ধরনের পরিস্থিতির সৃষ্টি হতো না। তবে এখনও যদি ছড়িয়ে পড়া দেশ থেকে আসা যাত্রীদের বাধ্যতামূলক কোয়ারেন্টিনে আনা হয় তবে পরিস্থিতি নিয়ন্ত্রণ সম্ভব। সূত্র- যুগান্তর

বিশেষজ্ঞদের মতে, উচ্চ আয়ের উন্নত প্রযুক্তির রাষ্ট্রগুলো সব সুযোগ-সুবিধা থাকার পরও নতুন করোনাভাইরাসে মহামারী ঠেকাতে চরমভাবে ব্যর্থ হয়েছে। এই ব্যর্থতার মূল কারণ, ওই দেশগুলোর নীতিনির্ধারকরা প্রকৃত পরিস্থিতি অনুধাবন করতে ব্যর্থ হয়েছে। তারা সময়ের কাজ সময়ে করতে পারেনি। এসব দেশের প্রতিটিতেই ভাইরাসের সংক্রমণ শুরু হয়েছিল আক্রান্ত দেশ থেকে আসা দু-একজন ব্যক্তির মাধ্যমে।

ভাইরোলজির দৃষ্টিকোণ থেকে পরিস্থিতি বিশ্লেষণ করে দেখা গেছে, যেসব দেশে ভাইরাসটির ব্যাপক সংক্রমণ ঘটেছে সেসব দেশে প্রথম ২ থেকে ৩ সপ্তাহ হাতেগোনা কয়েকজনের দেহে এটি শনাক্ত হয়।
একটা পর্যায়ে সেই সংখ্যা আশঙ্কাজনকভাবে বাড়তে থাকে। এর কারণ, প্রথমে দেশে প্রবেশ করা সেই দু-একজন ব্যক্তি তাদের পরিবার থেকে শুরু করে যত মানুষের সংস্পর্শে গিয়েছেন, তাদের অনেকের দেহেই ভাইরাসের সংক্রমিত হয়েছে। এই ভাইরাস সংক্রমণের লক্ষণগুলো প্রকাশ হতে সাধারণত ১ থেকে ২ সপ্তাহ সময় প্রয়োজন হয়। তাছাড়া সাধারণ সর্দি-কাশি বা ফ্লুর সঙ্গে এর উপসর্গগুলোর মিল থাকায় পরীক্ষা না করে, শুধু শারীরিক লক্ষণ দেখে এটি আলাদা করা সম্ভব হয় না।

এ প্রসঙ্গে প্রখ্যাত ভাইরোলজিস্ট এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ডা. নজরুল ইসলাম যুগান্তরকে বলেন, আগামী দুই থেকে তিন সপ্তাহ বাংলাদেশের জন্য বিপজ্জনক সময়। আমাদের হিসাব মতে, এই সময়ে দেশে নতুন করোনাভাইরাসের পিক হবে। যা হওয়ার এই সময়ে হয়ে যাবে। তিনি বলেন, যেসব সতর্কতা এখন নেয়া হচ্ছে এগুলো আরও আগেই নেয়া দরকার ছিল। পিক হলে আরেকটি ডিজাস্টার ঘটবে।

সেটা চিকিৎসক ও সেবাদানকারীদের ক্ষেত্রে। কারণ তাদের হাতে পর্যাপ্ত পার্সনাল প্রটেকশন ইকুইপমেন্ট (পিপিই) নেই। ফলে যারা চিকিৎসা ও সেবা দেবেন তারা ব্যাপকভাবে ভাইরাসটি দ্বারা সংক্রমিত হতে পারেন। অধ্যাপক নজরুল বলেন, আমরা এ ধরনের ঝুঁকি থেকে অনেকাংশই নিরাপদে থাকতে পারতাম যদি সামাজিকভাবে ছড়িয়ে পড়া দেশগুলো থেকে আসা যাত্রীদের বাধ্যতামূলক কোয়ারেন্টিনে নিতে পারতাম। বেশির ভাগ ক্ষেত্রে প্রভাবশালীদের জন্য সেটি নিশ্চিত করা সম্ভব হয়নি।

দেশে পরিস্থিতি বিশ্লেষণে দেখা গেছে, বাংলাদেশে কোভিড-১৯ এর প্রথম রোগী শনাক্ত হয় ৮ মার্চ। বর্তমানে সেই সংখ্যা ২০ জন,

কোয়ারেন্টিন সেন্টারে পরিণত করতে হবে। প্রয়োজনে শৃঙ্খলা নিশ্চিতে সর্বস্তরে সেনাবাহিনীকে সম্পৃক্ত করতে হবে। যেসব সরকারি হাসপাতালে চিকিৎসক, নার্স, টেকনিশিয়ানদের জন্য এখনও পিপিই (পারসন্যাল প্রটেকশন ইকুইপমেন্ট) পাঠানো হয়নি, সেখানে দ্রুত সরবরাহ করতে হবে। কোভিড-১৯ নিয়ে ফেসবুক, টুইটার, ইউটিউবসহ সব ধরনের সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন ধরনের গুজব প্রতিহতে নজরদারি বাড়াতে হবে। প্রয়োজনে আইনগত ব্যবস্থা নিতে হবে।

মেহেরপুরে সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড

মেহেরপুরে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে রক্ষা পেতে সন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড করে দিয়েছে পুলিশ।
শনিবার সকাল ৯টার দিকে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল সদর উপজেলার দক্ষিণ শালীকা গ্রামে অভিযান চালিয়ে এ অনুষ্ঠান পন্ড করে।

জানা গেছে, মেহেরপুর সদও উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মরুহুম খেদেও আলী মন্ডলের ছেলে আলমগীর হোসেন তার ছেলের সুন্নতে খৎনা উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠান উপলক্ষে প্রায় হাজার খানেক আত্মীয় স্বজনকে দাওয়াত দেওয়া হয়। কিন্তু করোনা ভাইরাসের সংক্রমন থেকে রক্ষার জন্য পুলিশ খবর পেয়ে সেখানে গিয়ে অনুষ্ঠানের প্যান্ডেল অপসারণ করে এবং গণজমায়েত না করার নির্দেশ দেয়। পরে আয়োজনকারী শহর থেকে প্যাকেট কিনে খাবার দাওয়াত করা লোকজনের বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করেন।

স্থানীয় উপপি সদস্য আলমগীর হোসেন জানান, যেহেতু এটি পুর্বের পরিকল্পনা অনুযায়ী আয়োজন ছিল। তারপরও করোনা ভাইরাসের কারণে প্যান্ডেল অপসারণ করে খাবার প্যাকেটজাত কেও দাওয়াতি লোকজনের বাড়িতে বাড়িতে খাবার পাঠিয়ে দেওয়া হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, খবর পেয়ে পুলিশ পাঠিয়ে তাদের গণজমায়েত না করার অনুরোধ করলে তারা প্যান্ডেল

সরিয়ে ফেলে। প্যাকেট করে খাবার পরিবেশনের পরামর্শ দেওয়া হলে তারা সেভাবেই খাবার বিতরণ করেন।
এছাড়াও মুজিবনগর উপজেলার যতারপুরে (আজ) রবিবার আরো একটি সুন্নতে খৎনার অনুষ্ঠান পন্ড করেছে উপজেলা প্রশাসন।

মেহেরপুরে ১১৫ জন হোম কোয়ারেন্টিনে , নতুন ২৯

বিভিন্ন দেশ থেকে আসা নতুন ২৯ জনসহ ১১৫ জন প্রবাসীকে মেহেরপুরে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।

শনিবার দুপুরে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন এ তথ্য জানান।

তিনি আরো জানান, চলতি মাসে মেহেরপুরে ১৪৪৭ জন প্রবাসী ফিরেছেন। তাদের সনাক্ত করার কাজ বেশ জটিল। তারপরও আমরা সকলকে বোঝানোর চেষ্টা করছি তারা যেন হোম কায়ারেন্টিনে থাকে।

মেপ্র/ইএম

গাংনীতে দ্রব্য মুল্য বৃদ্ধি নিয়ন্ত্রনে সাংসদের বাজার পরিদর্শন

সারা দেশে করোনা ভাইরাস ছড়িয়ে যাবার অজুহাতে স্থানীয় পর্যায়ে মোটা চালের দাম বৃদ্ধি পেয়েছে। এক সপ্তাহ আগে স্বর্ণা (লাল) ১০০ কেজির দাম ছিল ২৫০০ টাকা। বর্তমানে ওই চাল বিক্রি হচ্ছে ৩৫০০